

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭৫৯

৬/ রোযা (সাওম) (ﷺ ১ ত্রাণ । তরাণ ।

باب مَا جَاءَ فِي صِيَامِ سِتَّةِ أَيَّامٍ مِنْ شَوَّالٍ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بُنُ مَنِيعٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً، حَدَّثَنَا سَعْدُ بُنُ سَعِيد، عَنْ عُمَرَ بُنِ ثَابِت، عَنْ أَيُوبَ، قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " مَنْ صامَ رَمَضَانَ ثُمَّ أَتُبِعَهُ سِتًّا مِنْ شَوَّالِ فَذَلِكَ صِيَامُ الدَّهْرِ " . وَفِي الْبَابِ عَنْ جَابِرِ وَأَبِي هُرَيْرَةَ وَتَوْبَانَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي أَيُّوبَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَد اسْتَحَبَّ قَوْمٌ صِيَامَ سِتَّةِ أَيَّامٍ مِنْ شَوَّالٍ بِهَذَا الْمُحَدِيثُ . قَالَ الْبُنُ الْمُبَارَكِ هُوَ حَسَنٌ هُوَ مِثْلُ صِيَامٍ بَلَاثَةٍ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ . قَالَ ابْنُ الْمُبَارَكِ وَيُرُوى فِي بَعْضِ الْحَدِيث " وَيُلْحَقُ هَذَا الصِيّامُ بِرَمَضَانَ " . وَاخْتَارَ ابْنُ الْمُبَارِكِ وَيُرُوى فِي بَعْضِ الْحَدِيث " وَيُلْحَقُ هَذَا الصِيّامُ بِرَمَضَانَ " . وَاخْتَارَ ابْنُ الْمُبَارِكِ وَيُرُوى فِي بَعْضِ الْحَدِيث " وَيُلْحَقُ هَذَا الصِيّامُ بِرَمَضَانَ " . وَاخْتَارَ ابْنُ الْمُبَارِكِ وَيُرُوى فِي بَعْضِ الْحَدِيث " وَيُلْحَقُ هَذَا الصِيّامُ بِرَمَضَانَ " . وَاخْتَارَ ابْنُ الْمُبَارِكِ أَنْ تَكُونَ سِتَّةَ أَيَّامٍ فِي أَوَّلِ الشَّهْرِ . وَقَدْ رُويَ عَنِ ابْنِ الْمُبَارِكِ أَنَّهُ قَالَ إِنْ صَامَ سِتَّةً أَيَّامٍ مِنْ شَوَّالِ مُتَقَرِقًا فَهُو جَائِزٌ . قَالَ وَقَدْ رَوَى عَبْدُ الْعَزِيزِ بَنُ مُحَمَّد عَنْ صَامَ سِتَّةً أَيَّامٍ مِنْ شَوَّالِ مُتَوْتِ قَالَ الْمُعْرِقِ عَنْ الْمَعْدِ هُوَ أَنْ الْمُعْرِقِ بَنْ سَعِيد هُذَا الْحَدِيثِ فِي عَنْ الْمُعْرِقِ مَنْ سَعِيد هُذَا الْحَدِيث فِي عَنْ الْمُعْرِقُ بَنُ سَعِيد هُوَ أَخُو يَحْيَى الْبَعْدِي قَالَ خَلْرَ الْمُعْرِقُ الْعَرْقِ أَنْ الْمُعْرِقُ مُنْ عَلَي الْجُدُوقِيُّ عَنْ وَسَعِيد مُنْ قِبَلِ حِفْظِهِ . حَدَّثَنَا هَنَّادٌ قَالَ أَخْبُرَنَا الْحُسَيْنُ بُنُ عَلَي الْجُدُوفِيُ عَنْ وَسُوعِ الْمُعْرِقُ وَاللَّهُ بِعَلَى الْمُعْرِقُ عَلْمُ مُالِمُ الْحُمْرِ عَنْ السَّنَةِ كُلِمَ عَنْ الْسَالِهُ وَلُو وَاللَّهُ لِوَلَا لَا اللَّهُ مِنْ السَّنَةِ كُلِهَا .

বাংলা

৭৫৯। আবু আইয়ুব আনসারী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক রামাযান মাসে রোযা পালন করলো, তারপর শাওয়াল মাসের ছয় দিন রোযা পালন করলো, সে লোক যেন সম্পূর্ণ বছরই রোযা পালন করলো। – হাসান সহীহ, ইবনু মা-জাহ (১৭১৬), মুসলিম



জাবির, আবু হুরাইরা ও সাওবান (রাঃ) হতেও এই অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। আবূ ঈসা আবূ আইয়ূব (রাঃ) হতে বর্ণিত হাদীসটিকে হাসান সহীহ বলেছেন। একদল বিশেষজ্ঞ আলিম এই হাদীসের ভিত্তিতে শাওয়াল মাসের ছয় দিন রোযা পালন করাকে মুস্তাহাব মনে করেন।

ইবনুল মুবারাক বলেন, প্রতি মাসে তিন দিন রোযা পালনের মত এটিও মুস্তাহাব। এ রোযা রামাযানের রোযার পরপরই পালনের কথা কোন কোন হাদীসে উল্লেখ আছে। তাই তিনি এই ছয়টি রোযা শাওয়াল মাসের শুরুর দিকে পালন করাকে বেশি পছন্দীয় মনে করেছেন তিনি আরও বলেছেনঃ শাওয়াল মাসের ভিন্ন ভিন্ন দিনের রোযা পালন করাও জায়িয় আছে।

আবু ঈসা বলেন, বর্ণনাকারী আবদুল আযীয় ইবনু মুহাম্মাদ এই হাদীসটি সাফওয়ান ইবনু সুলাইম ও সা'দ ইবনু সাঈদের সূত্রে উমার ইবনু সাবিত হতে আবু আইয়ূব (রাঃ)-এর সনদে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। শুবা (রাঃ) এই হাদীস ওয়ারকা ইবনু উমার হতে সা'দ ইবনু সাঈদ (রাহঃ)-এর সূত্রে বর্ণনা করেছেন। এই সাদ ইবনু সাঈদ হলেন ইয়াহইয়া ইবনু সাঈদ আল-আনসারীর ভাই। একদল হাদীস বিশেষজ্ঞ তার স্মৃতিশক্তির সমালোচনা করেছেন।

— হাসান বাসরী হতে বর্ণিত আছে যে, তার নিকট শাওয়ালের ছয়টি রোযার উল্লেখ করা হলে তিনি বললেন, আল্লাহর শপথ তিনি পূর্ণ বৎসরের পরিবর্তে এই মাসের রোযার প্রতি সম্ভুষ্টি প্রকাশ করেছেন। সনদ সহীহ্, মাকতু।

English

Abu Ayub narrated that:

the Messenger of Allah said: "Whoever fasts Ramadan, then follows it with six from Shawwal, then that is (equal in reward) to fasting everyday."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন